# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৭২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জামানায় সালাতের জন্য ইকামত কেমন ছিল তার বর্ণনা

ذِكْرُ وَصْفِ الْإِقَامَةِ الَّتِي كَانَ يُقَامُ بِهَا الصَّلَاةُ فِي أَيَّامِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

---

আরবী

1672 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ قَالَ: سَمِعْتُ أَبَا جَعْفَرٍ يُحَدِّثُ عَنْ مُسْلِمٍ أَبِي الْمُثَنَّى: عَنِ ابْنِ عُمَرَ قَالَ: إِنَّمَا كَانَ الْأَذَانُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّتَيْنِ وَالْإِقَامَةُ مَرَّةً غَيْرَ أَنَّهُ يَقُولُ: قَدْ قَامَتِ الصَّلَاةُ قَدْ قَامَتِ الصَّلَاةُ فَإِذَا سَمِعْنَا الْإِقَامَةَ توضأنا ثم جئنا إلى الصلاة.
الراوي : ابْنِ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1672 | خلاصة حكم المحدث: حسن ـ ((صحيح أبي داود)) (527)

বাংলা

১৬৭২. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এর জামানায় আযানের শব্দ দুইবার দুইবার করে ছিল আর ইকামতের শব্দ একবার একবার ছিল তবে মুয়ায্যিন قَدْ قَامَتِ الصَّلَاةُ বাক্যটি দুইবার বলতেন। যখন আমরা ইকামত শুনতে পেতাম, তখন আমরা ওযূ করতাম অতঃপর সালাতের উদ্দেশ্যে মাসজিদে যেতাম।”[1]

ফুটনোট

[1] আবূ দাঊদ: ৫১০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪০৬; হাকিম: ১/১৯৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৩৭৪; মুসনাদ আহমাদ: ২/৮৫; নাসাঈ: ২/৩; দারেমী: ১/২৭০; সুনান বাইহাকী: ১/৪১৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৫২৭)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91266

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন